

الْوَارِثُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৯৭ তম নাম ‘الْوَارِثُ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْوَارِثُ’ শব্দের মূল و - ر - ث, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩৫ বার এসেছে। উত্তরাধিকার হওয়া, উত্তরাধিকারী বানানো, সম্পদের উত্তরাধিকারী। আল্লাহ الْوَارِثُ অর্থ: ‘তিনি সকল সম্পদের একমাত্র উত্তরাধিকারী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَإِنَّا لَنَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَنَحْنُ الْوَارِثُونَ ﴿٢٣﴾

আমরাই হায়াত (জীবন) দেই এবং মৃত্যু ঘটাই এবং আমরাই ওয়ারিশ (মালিক)। (সূরা আল হিজর: আয়াত নং ২৩)

وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ﴿١٠﴾

তোমাদের কি হয়েছে, তোমরা কেন ব্যয় করবে না আল্লাহর পথে? অথচ মহাকাশ ও পৃথিবীর মালিকানা-উত্তরাধিকার তো আল্লাহরই। (সূরা আল হাদিদ: আয়াত নং ১০)

বুখারী ও মুসলিম শরীফের হাদীস:

বিধবা, বৃদ্ধ ও মিসকিনদের (সাহায্যের) জন্য চেষ্টা সাধনাকারী আল্লাহর পথে জিহাদকারীর সমতুল্য। (বর্ণনাকারী আরো বলেন) আমার ধারণা তিনি এই কথাও বলেছেন: সে অবিরাম সালাত আদায়কারী ও সওমকারীর সমতুল্য।

বুখারী শরীফের হাদীস:

তোমরা কেবল তোমাদের দুর্বলদের (যে সাহায্য করো) তার ওয়াসীলায়ই (আল্লাহর) সাহায্য ও রিযিকপ্রাপ্ত হও।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আমাদের সমস্ত সম্পদ দুনিয়াতেই রয়ে যাবে, এর কিছুই আমরা কবরে নিয়ে যেতে পারবো না। নেক আমল ছাড়া কিছুই আমাদের সাথে যাবে না। আমরা পুরোপুরি হিসাব করে মাল-সম্পদ ও ফসলের যাকাত (ওশর) আদায় করি। এছাড়াও সদাকা (অতিরিক্ত দান), ও নাফাকা (আল্লাহর দেয়া সম্পদ থেকে আল্লাহর পথে ব্যয়) করি। যাকাত গরিবের অধিকার, গরিবের প্রাপ্য তাদের পাওনা আমরা তাদেরকে দিয়ে দিই। এ ছাড়াও অতিরিক্ত দান খয়রাত করি অসহায় লোকদের জন্য। আল্লাহ আমাদের শিরকমুক্ত ভাবে তাঁর ইবাদত ও মানুষের কল্যাণ করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা